

নোয়াখালী ৷ বুধবার, ২৪ মে, ২০২৩

১০ জ্যৈষ্ঠ ১৪৩০ ৷ ০৩ জিলকুদ ১৪৪৪

রেজিঃ নং চ- ৭৫ ৷ বর্ষ ৪৪ : সংখ্যা - ২৩৭

দৈনিক

ত্রিভাঙ্গা ডালিকাহুজ পত্রিকা

৪৪ বর্ষ

বুধবার নোয়াখালীর প্রথম দৈনিক

# জাতীয় নিশান

প্রতিষ্ঠাতা: কাজী মো: রফিক উল্যাহ The Daily Jatiyanishan

## ডিনেচার্ড স্পিরিট (ডি/এস) বিক্রেতাদের জন্য গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভিন্ন ধরনের কার্টের তৈরি আসবাবপত্র বার্নিশ করণের ক্ষেত্রে ডিনেচার্ড স্পিরিট ব্যবহৃত হয়ে থাকে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অনুযায়ী উক্ত ডিনেচার্ড স্পিরিট হলো 'গ' শ্রেণীর একটি মাদকদ্রব্য। সুতরাং উক্ত আইনের ১৩ ধারায় সিডিউলভুক্ত নিয়ন্ত্রিত এ মাদকদ্রব্য (ডিনেচার্ড স্পিরিট) ব্যবহার, ক্রয়, বিক্রয়, বহন, পরিবহন, স্থানান্তর, হস্তান্তর, গুদামজাতকরণ, সংরক্ষণ, ধারণ ও নিলাম করণসহ সকল ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্স/পারমিট গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। বর্ণিতাবস্থায় সকল ফার্ণিচার ব্যবসায়ী, হার্ডওয়্যার সামগ্রী বিক্রয়কারী প্রতিষ্ঠান যারা উক্ত ডিনেচার্ড স্পিরিট ব্যবহার/ক্রয়/বিক্রয়/ধারণ/সংরক্ষণ/বহন/পরিবহন ও গুদামজাতকরণ করে থাকেন তাদেরকে আগামী ০১ (এক) মাসের মধ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মাস্টন উদ্দিন মঞ্জিল, হোল্ডিং নং-০২১৬-০১, লক্ষীনারায়নপুর, মাইজদী কোর্ট, নোয়াখালী থেকে লাইসেন্স/পারমিট গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো। অন্যথায় পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোহাম্মদ আবদুল হামিদ)

সহকারী পরিচালক

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

নোয়াখালী

ফোন-০২-৩৩৪৪৩৩৯৯৯।

## মিথানল বিক্রেতাদের জন্য গণবিজ্ঞপ্তি

দানীং লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় অসাধু কোম্পানী/ব্যবসায়ী ব্যক্তিগণ অত্যন্ত সচেতনভাবে নামে-বেনামে (খিনার/সাদা স্পিরিট/কম দামী বার্নিশ স্পিরিট/উড পলিশ) বিষাক্ত মিথানল/মিথাইল এ্যালকোহল অবৈধভাবে ধারণ/সংরক্ষণ/গুদামজাতকরণ/বহন/পরিবহন/স্থানান্তর/হস্তান্তর/সরবরাহ করছে। মিথানল/মিথাইল এ্যালকোহল মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এ সিডিউলভুক্ত 'গ' শ্রেণীর মাদকদ্রব্য। ইতোপূর্বে বিভিন্ন সময়ে বিষাক্ত মিথানল থেকে তৈরি বিষাক্ত মদ পানে দেশের বিভিন্ন স্থানে বহুলোকের প্রাণহানি ঘটেছে। বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর ও আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতির জন্য ভয়াবহ ও হুমকীস্বরূপ। কতিপয় অসাধু কোম্পানী ব্যবসায়ীদের এ সংক্রান্ত অতিরিক্ত মুনাফা লাভের জন্য বিভ্রান্ত করছে। এ বিষয়ে সংশ্লিষ্টদের সর্বোচ্চ সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো এবং এখন থেকে সকল হার্ডওয়্যার ব্যবসায়ীদেরকে বার্নিশ স্পিরিট এর নামে বিষাক্ত মিথানল, মিথাইল এ্যালকোহল ধারণ, গুদামজাতকরণ, ক্রয়, বিক্রয়, ও সরবরাহ না করার অনুরোধ করা হলো। অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোহাম্মদ আবদুল হামিদ)

সহকারী পরিচালক

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

নোয়াখালী

ফোন-০২-৩৩৪৪৩৩৯৯৯।

